# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, উক্ত হাদীসটি আবুয যুবাইর এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনাকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ أَبُو الزُّبَيْرِ

আরবী

1837 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ وَأَبِي الزُّبَيْرِ: سَمِعَا جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَزِيدُ أَحَدُهُمَا عَلَى صَاحِبِهِ قَالَ: كَانَ مُعَاذٌ يُصَلِّي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ يَرْجِعُ إِلَى قَوْمِهِ فَيُصَلِّي بِهِمْ فأخَّر النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلَاةَ ذَاتَ لَيْلَةٍ فَرَجَعَ مُعَاذٌ فأمَّهم فَقَرَأَ بِسُورَةِ الْبَقَرَةِ فَلَمَّا رَأَى ذَلِكَ رَجُلٌ مِنَ الْقَوْمِ انْحَرَفَ إِلَى نَاحِيَةِ الْمَسْجِدِ فَصَلَّى وَحْدَهُ فَقَالُوا: نَافَقْتَ قَالَ: لَا وَلَآتِيَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَأُخْبِرَنَّهُ فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّ مُعَاذًا يُصَلِّي مَعَكَ ثُمَّ يَرْجِعُ فيؤمُّنا وَإِنَّكَ أَخَّرْتَ الصَّلَاةَ الْبَارِحَةَ فَجَاءَ فأمَّنا فَقَرَأَ بِسُورَةِ الْبَقَرَةِ وَإِنِّي تَأَخَّرْتُ عَنْهُ فَصَلَّيْتُ وَحْدِي يَا رَسُولَ اللَّهِ وَإِنَّا نَحْنُ أَصْحَابُ نَوَاضِحَ وَإِنَّا نَعْمَلُ بِأَيْدِينَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَا مُعَاذُ أفتَّانٌ أَنْتَ؟ اقرأ بهم سورة: {والليل إذا يغشى} [الليل: 1] و {سبح اسم ربك الأعلى} [الأعلى: 1] {والسماء ذات البروج} [البروج: 1]

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1837 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (295).

বাংলা

১৮৩৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাত আদায় করতেন, তারপর তিনি তার কওমের কাছে ফিরে

যেতেন এবং তাদের নিয়ে সালাত আদায় করতেন। একরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত আদায়ে বিলম্ব করেন। অতঃপর মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু ফিরে যান এবং কওমের ইমামতি করেন। তিনি সূরা বাকারাহ পাঠ করেন। এটা দেখে এক ব্যক্তি মাসজিদের এক কোণে গিয়ে একাকী সালাত আদায় করেন। তখন লোকজন তাকে বলেন, “তুমি মুনাফিক হয়ে গিয়েছো।” জবাবে তিনি বলেন, “না, আমি মুনাফিক হয়ে যাইনি। অবশ্যই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যাবো এবং তাঁকে আমি ব্যাপারটি অবহিত করবো।”

অতঃপর তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যান এবং তাঁকে বলেন, “নিশ্চয়ই মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু, আপনার সাথে সালাত আদায় করেন, তারপর তিনি ফিরে এসে আমাদের ইমামতি করেন। আর আপনি গতরাতে ইশার সালাত বিলম্বে আদায় করেছিলেন। তারপর মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের কাছে এসে আমাদের ইমামতি করেন এবং তিনি সূরা বাকারাহ পাঠ করেন। ফলে আমি তার থেকে পিছু হটে এসে একাকী সালাত আদায় করেছি। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা সেচের কাজে ব্যবহৃত উটনীর মালিক, আমরা নিজ হাতে কাজ-কর্ম করি।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে মুয়ায, তুমি কি ফিতনাবাজ হতে চাও?
তুমি তাদের নিয়ে والليل إذا يغشى (রাতের শপথ, যখন তা আচ্ছাদিত হয়।– সূরা লাইল: ১), سبح اسم ربك الأعلى (আপনার মহান প্রভুর নামের পবিত্রতা ঘোষনা করুন।– সূরা আ'লা: ১), والسماء ذات البروج (তারকাবিশিষ্ট আকাশের কসম।– সূরা বুরূজ: ১)। এসব (সূরা) পাঠ করবে।”[1]

## ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২১৩; হুমাইদী: ১২৪৬; সহীহ মুসলিম: ৪৬৫; আবূ আওয়ানা: ২/১৫৬; ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩২৭; সুনান বাইহাকী: ৩২৭; সুনান বাইহাকী: ৩/৮৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91053

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন